

Bankura University

BA 5th Semester (Honours) Examination, 2021

বাংলা

Course Title: কথাসাহিত্য

Course ID: 50117

Course Code: AHBNG-504-DSE-2

সময়: ২ ঘণ্টা

পূর্ণমান: ৪০

(যে-কোনো একটি নির্বাচন করতে হবে।)

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

২ x ৫ = ১০

ক) 'ঘরেবাইরে' উপন্যাসে নিখিলেশের মোট কতগুলি আত্মকথা পাওয়া যায় ? নিখিলেশের মাস্টার মশাইয়ের নাম কী ?

খ) 'ঘরেবাইরে' উপন্যাসের পশু কার প্রজা ছিল ? পশুর প্রায়শ্চিত্তের জন্য সমাজ কত টাকা চেয়েছিল ?

গ) 'শ্রীকান্ত' উপন্যাসটি কোন পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল? এই সময় উপন্যাসটির নাম কী ছিল ?

ঘ) অন্নদাদিদির স্বামীর নাম কী ? অন্নদাদিদির প্রভাব কোন চরিত্রের উপরে সবচেয়ে বেশি পড়েছে ?

ঙ) "হালার মাছ ধইরয়া জুত নাই" – কে কাকে এ কথা বলেছে ?

চ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে গোপীকে কার নৌকায় হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছিল ? কপিলার স্বামীর নাম কী ?

ছ) 'ধাত্রীদেবতা' উপন্যাসে বঙ্কিমচন্দ্রের কোন উপন্যাসের নাম উল্লেখ পাওয়া যায় ? শিবনাথের পিসিমার নাম কী ?

জ) 'ধাত্রীদেবতা' উপন্যাসটি কোন পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল ? এই উপন্যাসের পটভূমিতে কোন আন্দোলনের কথা আছে ?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

৫ x ২ = ১০

ক) 'ঘরেবাইরে' উপন্যাসে বিমলার মেজ জা পার্শ্বচরিত্র হয়েও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে, এ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

খ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে হোসেন মিশ্রের গানের তাৎপর্য ব্যাখ্যা করো।

গ) 'শ্রীকান্ত' উপন্যাসের প্রথম পর্বে অন্নদাদিদির যে চারিত্রিক বৈশিষ্ট্য লেখক ফুটিয়ে তুলেছেন, সে সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

ঘ) "স্বাধীন জীবনের জন্যে যদি কিছু কষ্ট স্বীকার করতেই হয়, সে করতে হবে।"—রামরতন বাবুর এই উক্তি শিবনাথকে কিভাবে প্রভাবিত করেছিল ?

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

১০ x ২ = ২০

ক) “ঘরের চতুঃসীমায় যে ব্যবস্থাক্টুর মধ্যে বিমলের জীবন বাসা বেঁধে ছিল, ঘরের বাইরে এসে হঠাৎ সে ব্যবস্থায় কুলোচ্ছে না।”—
নিখিলেশের এই উক্তি ‘ঘরেবাইরে’ উপন্যাসের নামকরণে কতটা সুপ্রযুক্ত হয়েছে তা আলোচনা করো।

খ) ‘শ্রীকান্ত’ উপন্যাসের প্রথম পর্ব অবলম্বনে শ্রীকান্ত ও ইন্দ্রনাথের বৈচিত্র্যময় সম্পর্ক সম্বন্ধে আলোচনা করো।

গ) ‘পদ্মানদীর মাঝি’ উপন্যাসে পদ্মার গুরুত্ব বিশ্লেষণ করো।

ঘ) ‘ধাত্রীদেবতা’ উপন্যাসের শ্রেণি বিচার করো।

Bankura University

BA 5th Semester (Honours) Examination, 2021

বাংলা

Course Title: নাট্যসাহিত্য

Course ID: 50117

Course Code: AHBNG-504-DSE-2

সময়: ২ ঘন্টা

পূর্ণমান: ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও।

২ x ৫ = ১০

ক) ‘শর্মিষ্ঠা’ নাটকটি মধুসূদন দত্ত কাদের উৎসর্গ করেছিলেন ?

খ) ‘শর্মিষ্ঠা’ নাটকটিতে ক’টি অঙ্ক ও ক’টি গর্ভাঙ্ক রয়েছে ?

গ) ‘নূরজাহান’ নাটকটি কত সালে রচিত হয়েছিল ? এই নাটকের দুটি ঐতিহাসিক পুরুষ চরিত্রের নাম লেখো।

ঘ) নূরজাহানের আসল নাম কী ? তার কন্যার নাম কী ছিল ?

ঙ) ‘নবান্ন’ নাটকের প্রথম অভিনয় কবে কোন মঞ্চে হয়েছিল ?

চ) ‘নবান্ন’ নাটকের প্রথম অভিনয় রজনীতে বিজন ভট্টাচার্য ও শঙ্কু মিত্র কোন কোন চরিত্রে অভিনয় করেছিলেন ?

ছ) ‘ব্যারিকেড’ নাটকের দুটি অপ্রধান চরিত্রের নাম উল্লেখ করো।

জ) ‘ব্যারিকেড’ কথাটির অর্থ কী ? নাটকটির প্রকাশ কাল কত ?

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

৫ x ২ = ১০

ক) 'শর্মিষ্ঠা' নাটকের স্বগতোক্তিৰ ব্যবহার সম্পর্কে আলোচনা কৰো।

খ) 'নূরজাহান' নাটকের অপ্রধান চরিত্র হিসাবে শের খাঁ চরিত্রটি বিশ্লেষণ কৰো।

গ) 'নবান্ন' নাটকের দ্বিতীয় অঙ্কের তৃতীয় দৃশ্যে প্রধান, রাধিকা ও কুঞ্জের খাবার সংগ্রহের জন্য যে হাহাকার প্রকাশ পেয়েছে তার পরিচয় দাও।

ঘ) 'ব্যারিকেড' নাটক রচনার প্রসঙ্গট সংক্ষেপে বর্ণনা কৰো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

১০ x ২ = ২০

ক) 'শর্মিষ্ঠা' নাটকে নাট্যকার মহাভারতকে কতখানি অনুসরণ কৰেছেন, নাটকটি অবলম্বনে আলোচনা কৰো।

খ) 'নূরজাহান' নাটককে ঐতিহাসিক নাটক বলা যায় কিনা বিচার কৰো।

গ) বাংলা নাটকের ধারায় 'নবান্ন' নাটকের অভিনবত্ব আলোচনা কৰো।

ঘ) 'ব্যারিকেড' নাটকের গোট বিচার কৰো।